

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 25-12-2025**

**Time: 1.30 P.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ প্রাতঃক্রন্ত প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর জন্মবার্ষিকী উপলক্ষে বেশ কিছু কর্মসূচী নিয়ে লক্ষ্মী ঘাচ্ছেন।
- ২) প্রধানমন্ত্রী বলেছেন, খেলাধুলার বিকাশে সরকার সবধরনের সহায়তা করবে।
- ৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম আগামীকাল প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান করবেন।
- ৪) বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি-র কার্যকরী চেয়ারম্যান তারেক রহমান ১৭ বছর পর তাকায় ফিরেছেন।
- ৫) রাশিয়ার সঙ্গে যুদ্ধ বন্ধে একটি নতুন শান্তি প্রস্তাব দিয়েছে ইউক্রেন।
- ৬) বিশ্বজুড়ে আজ চিরাচরিত উৎসাহ উদ্বৃত্তি প্রদর্শন করে উদযাপিত হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারি বাজপেয়ীর ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বেশকিছু কর্মসূচি নিয়ে লখনৌ যাচ্ছেন। দুপুরে প্রধানমন্ত্রী রাষ্ট্র প্রেরণা স্থলের উদ্বোধন করবেন। এই উপলক্ষ্যে একটি জনসভায় ভাষণও দেবেন তিনি। স্বাধীন ভারতের প্রথ্যাত ব্যক্তিত্বদের স্মৃতিতে, তাঁদের জীবন ও আদর্শকে সম্মান জানাতেই এই রাষ্ট্র প্রেরণা স্থল নির্মিত হয়েছে।

৬৫ একর এলাকা জুড়ে প্রায় ২৩০ কোটি ব্যয়ে এটি গড়ে তোলা হয়েছে। রয়েছে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি, পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় এবং অটল বিহারী বাজপেয়ীর ৬৫ ফুট উঁচু ব্রোঞ্জের মূর্তি। দেশ গঠন, এবং জনজীবনে তাদের গুরুত্বপূর্ণ অবদানকে স্মরণে রেখেই এই উদ্যোগ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি শ্রী বাজপেয়ীর জন্মদিনে দিল্লিতে তাঁর সমাধিস্থল সৈতে অটলে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান। ভারতরত্ন পণ্ডীত মদন মোহন মালব্যরও আজ জন্মদিন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ বহু বিশিষ্ট ব্যক্তি তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, খেলাধুলার বিকাশে সরকার সবধরনের সহায়তা করবে। আজ সাংসদ খেল মহোৎসব ২০২৫ এর সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, সারা দেশে যুবকদের মধ্যে খেলাধুলায় উৎসাহ দিতে এই ধরনের অনুষ্ঠান বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়ে থাকে।

## বাইট

উত্তরপ্রদেশের আগরায় গত ২১ শে ডিসেম্বর সাংসদ খেল মহোৎসব খেল শুরু হয়েছিল। সারা দেশের বিভিন্ন সংসদীয় কেন্দ্রে খেলোয়াড়রা এই মহোৎসবে অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম আগামীকাল বীর বাল দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার প্রদান করবেন। কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রক সূত্রে জানানো হয়েছে এবার সাকা দেশের ১৯ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ২০ জন শিশুকে এই পুরস্কারের জন্য নির্বাচিত করা হয়েছে। সাহসিকতা, খেলাধুলা এবং সামাজিক পরিষেবা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিতে এই পুরস্কার দেওয়া হয়ে থাকে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও এই উপলক্ষে একটি জাতীয় পর্যায়ের কর্মসূচীতে শিশু ও শুবকদের উদ্দেশে ভাষণ দেবেন। কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রী অনন্পূর্ণা দেবীও এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশে ম্যালেরিয়া আক্রান্তের সংখ্যা ৮০ শতাংশেরও বেশি কমেছে এবং মৃত্যু হার ৭৮ শতাংশ হ্রাস পেয়েছে বলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জেপি নাড়া জানিয়েছেন। নতুনদিল্লিতে আয়োজিত অ্যাডভান্সিং পাবলিক হেলথ আউটকাম্প ফোরাম ২০২৫-এ যোগ দিয়ে শ্রী নাড়া বলেন, ৩০ হাজারেরও বেশি আয়ুষ্মান আরোগ্য মন্দির, জাতীয় গুণমান নিশ্চিতকরণ NQAS শংসাপত্র পেয়েছে। সরকার প্রতি দুই হাজার জনসংখ্যার জন্য একটি আয়ুষ্মান আরোগ্য মন্দির স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়েছে।

ভারতে যক্ষা আক্রান্তের সংখ্যাও ২১ শতাংশ কমেছে। প্রসবকালীন মৃত্যু হ্রাস এবং সদ্যোজাত শিশুর স্বাস্থ্য নিয়েও ভারতের সাফল্যের কটাহ তুলে ধরেন তিনি।

আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রীর জন আরোগ্য যোজনার ফলে যা লক্ষ লক্ষ পরিবার উপকৃত হয়েছে শ্রী নাড়া উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

কর্ণাটকের চিত্রদুর্গ জেলার হিরিউরের কাছে জাতীয় সড়ক ৪৮-এ আজ একটি কন্টেনার ট্রাক একটি বিলাসবহুল মিলিপার বাসকে ধাক্কা দিলে পাঁচজন নিহত এবং বেশ কয়েকজন আহত হন। কর্ণাটক পুলিশের ইস্ট জোনের ইঙ্গেল্টের জেনারেল রবিকান্তেগৌড়া সংবাদমাধ্যমকে জানিয়েছেন যে, দুর্ঘটনাস্থলের কাছে পাঁচটি

মৃতদেহ পাওয়া গেছে এবং তিনজন নিখোঁজ রয়েছেন। তিনি জানান, বাসটিতে ৩২ জন যাত্রী ছিলেন এবং তাদের মধ্যে ২৫ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি আরও বলেন, নিহতদের মধ্যে ট্রাকচালকও রয়েছেন এবং বাসের চালক পালিয়ে গেছেন। প্রাথমিক খবরে জানা গেছে, ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে রাস্তার ডিভাইডারের উল্টোদিকে গিয়ে বাসটিকে ধাক্কা দিলে বাসটিতে আগুন ধরে যায়। বাসটি বেঙ্গালুরু থেকে গোকর্ণ যাচ্ছিল। নিহতদের পরিবারের জন্য পাঁচ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ঘোষণা করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকারি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা প্রধানমন্ত্রী কিশান উর্জা সুরক্ষা এবং উত্থান মহাভিযান, প্রধানমন্ত্রী-কুসুম প্রকল্প। উত্তর চবিশ পরগনা কৃষি বিজ্ঞান কেন্দ্রের বিষয়বস্তু বিশেষজ্ঞ ড. চিন্ময় মাজির সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আকাশবাণী সংবাদ প্রযোজিত এই অনুষ্ঠানটি রাত আটটায় গীতাঞ্জলি ও DTH বাংলায় শোনা যাবে। এই অনুষ্ঠান আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও শোনা যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি - বিএনপি-র কার্যকরী চেয়ারম্যান তারেক রহমান ১৭ বছর পর ঢাকায় ফিরেছেন। তাঁকে স্বাগত জানাতে ঢাকা বিমানবন্দর সংলগ্ন সড়কে বঙ্গ বিএনপি সমর্থক ও কর্মীরা মিছিল করেন। বিএনপির অন্যতম নেতা সালাউদ্দীন আহমেদ জানিয়েছেন, আজই তারেক রহমান সমর্থকদের উদ্দেশে ভাষণ দেবেন। এছাড়াও বাংলাদেশের ভোটার হিসাবে নিজের নাম নথিভুক্ত করতে প্রয়োজনীয় কাজগুলিও তিনি করবেন।

উল্লেখ্য, আগামী বছরের ১২ ই ফেব্রুয়ারি সেদেশের জাতীয় সংসদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এরকম এক পরিস্থিতিতে দীর্ঘ সময় পর তারেক রহমানের দেশে ফেরাকে বিভিন্ন মহল তেকে বিশেষ তাৎপর্যপূর্ণ বলে অভিহিত করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রকের বিশেষ উপদেষ্টা মুহাম্মদ ইউনুসের বিশেষ সহকারী খুদা বখশ চৌধুরী পদত্যাগ করেছেন। বুধবার রাতে জারি করা এক গেজেট বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, তাঁর পদত্যাগপত্র রাষ্ট্রপতি গ্রহণ করেছেন এবং অবিলম্বে কার্যকর করা হয়েছে। প্রধান উপদেষ্টার প্রেস বিভাগ এখবর নিশ্চিত করেছে, যদিও পদত্যাগের কোনো কারণ জানানো হয়নি। পুলিশের প্রাক্তন ইন্সপেক্টর জেনারেল খুদা বখশ চৌধুরী গত বছর নভেম্বরে রাষ্ট্রপতির বিশেষ সহকারি পদে আসীন হন।

সরকারের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সামলানোর বিষয়ে ক্রমবর্ধমান সমালোচনার মধ্যেই তাঁর এই পদত্যাগ। এর মধ্যে আন্দোলনকর্মী শরীফ ওসমান বিন হাদীর হত্যাকাণ্ড এবং কথিত ধর্ম অবমাননার অভিযোগে ময়মনসিংহে হিন্দু যুবক দীপু চন্দ্র দাসের গণপিটুনি দিয়ে হত্যার ঘটনায় নাগরিক গোষ্ঠীগুলি পক্ষ থেকে সারকারের জবাবদিহিতার দাবি করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাশিয়ার সঙ্গে যুদ্ধ বন্সে একটি নতুন শান্তি প্রস্তাব দিয়েছে ইউক্রেন। পূর্ব দনবাস অঞ্চল থেকে রুশ সেনা প্রত্যাহার এবং ওই এলাকাকে আন্তর্জাতিকভাবে

পর্যবেক্ষণ করা একটি নিরস্ত্রীকরণ অঞ্চল তৈরি পরিবর্তে ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি সেনা প্রত্যাহার করার প্রস্তাব দিয়েছেন।

ফ্লোরিডায় আলোচনা চলাকালীন মার্কিন ও ইউক্রেন প্রতিনিধিদের সম্মত ২০-দফা পরিকল্পনার সম্পর্কে জেলেনস্কি বলেছেন, খুব শীঘ্ৰ তিনি রাশিয়ার প্রতিক্রিয়া আশা করছেন।

এই পরিকল্পনায় দনবাসের শাসনব্যবস্থা সম্পর্কে কোনও তথ্য এখনও স্পষ্ট নয়। রুশ-নিয়ন্ত্রিত জাপোরিয়া পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের আশেপাশেও একই ধরনের একটি ব্যবস্থা নেওয়া হতে পারে বলে মনে করা হচ্ছে। রাশিয়া এখন পর্যন্ত অধিকৃত অঞ্চল থেকে সেনা প্রত্যাহারের কোনো ইচ্ছা প্রকাশ করেনি। ইউক্রেনের কাছে দনবাসের অবশিষ্ট এলাকা ছেড়ে দেওয়ার দাবিও অব্যাহত রেখেছে তারা।

ক্রেমলিনের মুখ্যপাত্র দিমিত্রি পেসকভ বলেছেন, মঙ্গো রুশ প্রেসিডেন্টের বিশেষ দৃত কিরিল দিমিত্রিয়েভের কাছ থেকে প্রতিক্রিয়া পাওয়ার পরেই তাদের অবস্থান নির্ধারণ করবে।

উল্লেখ্য, দিমিত্রিয়েভ ফ্লোরিডায় মার্কিন আধিকারিকদের সঙ্গে দেখা করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সিরীয় নিরাপত্তা বাহিনী গতকাল দামাক্সাসের উপকণ্ঠে জেনারেল ইন্টেলিজেন্স সার্ভিস এবং মার্কিন নেতৃত্বাধীন আন্তর্জাতিক জোটের এক যৌথ অভিযানে ইসলামিক স্টেট গোষ্ঠীর একজন শীর্ষ নেতাকে গ্রেপ্তার করেছে।। দামাক্সাসের গ্রামীণ প্রদেশের অভ্যন্তরীণ নিরাপত্তা প্রধান আহমেদ আল-দাল্লাতি বলেছেন, এই অভিযানে আবু ওমর তাবিয়া নামে পরিচিত তাহা আল-জৌবি নামে এক গোষ্ঠীর শীর্ষ নেতা কে তার বেশ কয়েকজন সঙ্গীসাথী সহ গ্রেপ্তার করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সেনেগালের জোয়াল-ফাদিউথ	উপকূলে	একটি নৌকা	ডুবির ঘটনায়	১২
জনের মৃত্যু হয়েছে।	সেনেগালের সংবাদ		মাধ্যমের তরফ	
থেকে জানানো হয়েছে, দুর্ঘটনায় উদ্ধার পাওয়া ৩৫ জনকে স্থানীয় জেন্ডারমেরি ব্রিগেডের				

কাছে হস্তান্তর করা হয়েছে। নৌকাটি ডুবে যাওয়ার কারণ বা নৌকাটিতে কত জন যাত্রী ছিলেন তা এখনও অজানা।

oooooooooooooooooooo

অ-সামরিক বিমান চলাচল মন্ত্রী রাম মোহন নাইডু আজ বলেছেন, ভারত বহুল সংখ্যক ভোটের মাধ্যমে আন্তর্জাতিক অ-সামরিক বিমান চলাচল সংস্থা আই সি এ ও - কাউন্সিলে পুনরায় নির্বাচিত হয়েছে। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতীয় বিমান চলাচল ক্ষেত্রে সারা বিশ্বে উল্লেখযোগ্য স্বীকৃতি অর্জন করেছে।

oooooooooooooooooooo

বিশ্বজুড়ে আজ চিরাচরিত উৎসাহ উদ্বৃত্তি বড়দিন উদযাপিত হচ্ছে। যীশু খ্রিস্টের জন্মদিনের স্মরণেই বড়দিন পালিত হয়।

(জিসেল)

গতকাল মধ্যরাতে গীর্জায় গীর্জায় ঘন্টাধ্বনি ও ক্যারোলের মধ্য দিয়ে স্মরণ করা হয় প্রভু যীশুকে। খীষ্ট ধর্মাবলম্বীরা আজও সকাল থেকেই অংশ নিচ্ছেন বিশেষ প্রার্থনায়। ক্রিসমাস ট্রি, রঙিন ফুল, আলোকমালা সহ নানা সরঞ্জামে সেজে উঠেছে চার্চগুলি। কেকের দোকানগুলিতে গতকাল থেকেই ভিড় উপচে পড়ছে।

চলতি বছর মে মাসে নির্বাচিত হওয়ারপর পোপ চতুর্দশ লিও-র তত্ত্বাবধানে এই প্রথম ক্রিসমাস উদযাপন হচ্ছে।

এদিকে, বড়দিন উপলক্ষে আলোর মালায় সেজে উঠেছে কলকাতার পার্ক স্ট্রীট ও বো ব্যারাক এলাকা। পার্ক স্ট্রীট সহ গোটা কলকাতায় পুলিশি নিরাপত্তা জোরদার করা হয়েছে। মোতায়েন করা হয়েছে অতিরিক্ত দেড় হাজার পুলিশ। এছাড়াও থাকছে QR টিম, হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড এবং উইনার্স বাহিনী।

রাষ্ট্রপতি দ্রোগদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ক্রিসমাস উপলক্ষে সকলকে শুভেচ্ছা জানিয়েছেন।

রাষ্ট্রপতি তাঁর বার্তায় বলেছেন, ক্রিসমাস হল আনন্দ ও উদ্দীপনার উৎসব। যা ভালোবাসা এবং করণার বার্তা প্রদান করে। এই উৎসব সমাজে শান্তি, সমতা এবং সেবার ভাবনাকে আরও দৃঢ় করার অনুপ্রেরণা যোগায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দিল্লীর ক্যাথিড্রাল চার্চ অফ দ্য রিডেম্পশনে বড়দিনের প্রার্থনা সভায় যোগ দেন। পরে এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেন, বড়দিনের এই প্রার্থনার মধ্যে শান্তি, প্রেম এবং সহানুভূতির বার্তা প্রতিফলিত হয়। প্রভু যীশুর জন্মদিন উপলক্ষে আয়োজিত ক্রিসমাসের এই উৎসব সমাজে মেত্রী ও আত্মকে অনুপ্রেরণা যোগাবে।

০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০